

## **া** মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ৬৫৮

كاب الصيام) ১৮. রোযা (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ১৪. ভুলে হত্যা ও যিহার এর রোযা

# بَابِ صِيَامِ الَّذِي يَقْتُلُ خَطَإٍ أَوْ يَتَظَاهَرُ

#### আরবী

حَدَّتَنِي يَحْيَى سَمِعْت مَالِك يَقُولُ أَحْسَنُ مَا سَمِعْتُ فِيمَنْ وَجَبَ عَلَيْهِ صِيَامُ شَهْرَيْنِ مُتَابِعَيْنِ فِي قَتْلِ خَطَأٍ أَوْ تَظَاهُرٍ فَعَرَضَ لَهُ مَرَضٌ يَغْلِبُهُ وَيَقْطَعُ عَلَيْهِ صِيَامَهُ أَنَّهُ إِنْ صَحَحَّ مِنْ مَرَضِهِ وَقَوِيَ عَلَى الصِيّامِ فَلَيْسَ لَهُ أَنْ يُوَّخِّرَ ذَلِكَ وَهُوَ يَبْنِي عَلَى مَا قَدْ مَضَى مِنْ صِيَامِهِ وَكَذَلِكَ الْمَرْأَةُ الَّتِي يَجِبُ عَلَيْهَا الصِيّامُ فِي قَتْلِ النَّفْسِ خَطَأً إِذَا حَاضَت مِنْ صِيَامِهِ وَكَذَلِكَ الْمَرْأَةُ الَّتِي يَجِبُ عَلَيْهَا الصِيّامُ فِي قَتْلِ النَّفْسِ خَطَأً إِذَا حَاضَت بَيْنَ ظَهْرَيْ صِيَامِهِ الْقَا إِذَا طَهُرَتْ لَا تُؤخِّرُ الصِيّامَ وَهِيَ تَبْنِي عَلَى مَا قَدْ صَامَت وَلَيْسَ لِأَحَدٍ وَجَبَ عَلَيْهِ صِيَامُ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ فِي كِتَابِ اللَّهِ أَنْ يُفْطِرَ إِلَّا مِنْ عِلَّةٍ وَلَيْسَ لَهُ أَنْ يُسَافِرَ فَيُفْطِرَ قَالَ مَالِكَ وَهَذَا أَحْسَنُ مَا سَمِعْتُ فِي ذَلِكَ مَرَضٍ أَوْ حَيْضَةٍ وَلَيْسَ لَهُ أَنْ يُسَافِرَ فَيُفْطِرَ قَالَ مَالِكَ وَهَذَا أَحْسَنُ مَا سَمِعْتُ فِي ذَلِكَ مَرْضٍ أَوْ حَيْضَةٍ وَلَيْسَ لَهُ أَنْ يُسَافِرَ فَيُفْطِرَ قَالَ مَالِكَ وَهَذَا أَحْسَنُ مَا سَمِعْتُ فِي ذَلِكَ

#### বাংলা

রেওয়ায়ত ৪০. ইয়াইয়া (রহঃ) বলেন, আমি মালিক (রহঃ)-কে বলতে শুনিয়াছি, সেই ব্যক্তি সম্পর্কে যে ব্যক্তির উপর ধারাবাহিকরূপে দুই মাসের রোযা ফর্য হইয়াছে- ভুলে হত্যা অথবা যিহার[1] করা বাবদ। অতঃপর তাহার কোন কঠিন পীড়া হইয়াছে যদ্দরুন রোযা ভাঙিতে হইয়াছে। সে যদি আরোগ্য লাভ করে এবং রোযা রাখিতে সক্ষম হয়, তবে আমি (এই ব্যাপারে) যাহা শুনিয়াছি, তন্মধ্যে উত্তম হইল- সেই ব্যক্তির জন্য ইহাতে বিলম্ব করা জায়েয নহে। তাহার যে রোযা পূর্বে গত হইয়াছে, উহার উপর ভিত্তি করিয়া সে অবশিষ্ট রোযা রাখিবে।

তদ্রুপ ভুলে হত্যার কারণে যে নারীর উপর রোযা ওয়াজিব হইয়াছে, সে তাহার রোযার মাঝখানে ঋতুমতী হইলে রোযা রাখিবে না। তবে পাক হইলে পর সে রোযা রাখিতে বিলম্ব করিবে না এবং যে রোযা পূর্বে রাখিয়াছে উহার উপর ভিত্তি করিয়া অবশিষ্ট রোযা রাখিবে। আল্লাহর কিতাবের বিধান মুতাবিক যাহার উপর দুই মাসের রোযা ধারাবাহিকভাবে রাখা ওয়াজিব হইয়াছে, তাহার জন্য পীড়াজনিত ব্যাপার ও ঋতুস্রাব ব্যতীত রোযা ভঙ্গ করা জায়েয নহে। এইরূপ ব্যক্তির জন্য সফর আরম্ভ করিয়া রোযা ভঙ্গ করারও অনুমতি নাই। যেরূপ কুরআনুল করীমে ইরশাদ করা হইয়াছে, 'তোমাদের মধ্যে যে ব্যক্তি রুগ্ন থাকে কিংবা সফরে থাকে, তবে সে অন্য দিন রোযা রাখিবে।ইয়াহইয়া (রহঃ) বলেন- মালিক (রহঃ) বলিয়াছেনঃ এই ব্যাপারে যাহা শুনিয়াছি, তাহার মধ্যে ইহাই আমার



কাছে সর্বাপেক্ষা উত্তম।

## **English**

Yahya related to me, and I (myself) heard Malik say, "The best that I have heard about some one who has to fast for two consecutive months because of having killed someone by mistake or having pronounced the dhihar form of divorce, becoming very ill and having to break his fast, is that if he recovers from his illness and is strong enough to fast, he must not delay doing so. He continues his fast from where he left off.

Similarly, a woman who has to fast because of having killed some one by mistake should not delay resuming her fast when she has become pure after her period. She continues her fast from where she left off.

No one who, by the Book of Allah, has to fast for two consecutive months may break his fast except for a reason - illness or menstruation. He must not travel and break his fast."

Malik said, "This is the best that I have heard about the matter."

### ফুটনোট

[1] যিহার- যাহাঁদের সঙ্গে বিবাহ নিষিদ্ধ নিজের স্ত্রীকে তাহদের সঙ্গে তুলনা করে সম্বোধন করা।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইয়াহইয়া (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন